



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2021

গভর্নর ক্যাথি হোকল

মুনাফা-ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে অন্তর্ভুক্ত করতে মানবাধিকার আইনের বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষা সম্প্রসারণ করার আইনে গভর্নর হোকলের স্বাক্ষর

আইনটি (S.7151/A.7390) মুনাফা-ভিত্তিক কলেজ, বিশ্ববিদ্যালয়, ক্যারিয়ার স্কুল এবং দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজির স্কুলগুলোতে অধ্যয়নরত শিক্ষার্থীদের সুরক্ষা প্রদান করতে মানবাধিকার আইনে 'শিক্ষা প্রতিষ্ঠান'-এর সংজ্ঞা সম্প্রসারণ করছে

গভর্নর ক্যাথি হোকল আজ মানবাধিকার আইনের আওতাধীন 'শিক্ষা প্রতিষ্ঠানের' সংজ্ঞা হালনাগাদ করার মাধ্যমে মুনাফা-ভিত্তিক কলেজ, বিশ্ববিদ্যালয়, ক্যারিয়ার স্কুল, এবং দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজির স্কুলগুলোকে বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষার আওতায় নিয়ে আসার জন্য আইনে (S.7151/A.7390) স্বাক্ষর করেছেন।

"নিউ ইয়র্কের প্রত্যেক শিক্ষার্থী শ্রেণিকক্ষে হয়রানি ও বৈষম্যের শিকার হওয়ার অগ্রহণযোগ্য বোঝা বহন করা ছাড়াই শিক্ষা গ্রহণের সুযোগ লাভের অধিকার রাখে," **বলেছেন গভর্নর হোকল।** "এই আইনটি সম্পূর্ণভাবে সুস্পষ্ট করে দিচ্ছে যে নিউ ইয়র্কের যত বেশি সম্ভব স্কুল ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আমরা বৈষম্য বা হয়রানির বিরুদ্ধে বিন্দুমাত্র সহনশীলতা দেখাবো না।"

কয়েক দশক ধরে, মানবাধিকার বিভাগ (Division of Human Rights) সরকারি ও বেসরকারি উভয় ধরনের সেকেন্ডারি স্কুল ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে বৈষম্যের শিকার হওয়ার অভিযোগ গ্রহণ করেছে, তদন্ত করেছে, এবং বিচার করে আসছে। তবে, এই সুরক্ষার মধ্যে এখন পর্যন্ত স্টেটের মুনাফা-ভিত্তিক কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীরা অন্তর্ভুক্ত ছিল না।

মানবাধিকার আইনের প্রবিধানগুলো সরকারি ও বেসরকারি উভয় ধরনের অলাভজনক প্রতিষ্ঠানগুলোর পাশাপাশি মুনাফা-ভিত্তিক কলেজ, বিশ্ববিদ্যালয়, ক্যারিয়ার স্কুল ও দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজির স্কুলগুলোর জন্য প্রযোজ্য হবে বলে ঘোষণা করার মধ্য দিয়ে, নিউ ইয়র্ক স্টেট সব শিক্ষার্থীর বৈষম্যের বিরুদ্ধে আইনি সুরক্ষা লাভ করা নিশ্চিত করবে।

স্টেট সিনেটর টোবি অ্যান স্ট্যাভিন্স্কি বলেন, "আমাদের স্কুলগুলোতে বৈষম্য ও হয়রানির কোনো স্থান নেই। সাধারণ বিবেচনার এই আইন আমাদের সরকারি ও বেসরকারি উভয় প্রতিষ্ঠানগুলোতে অধ্যয়নরত নিউ ইয়র্কের শিক্ষার্থীদের সুরক্ষিত রাখতে সাহায্য করার জন্য

বর্তমান আইনকে সংশোধন করে। আমাদের শিক্ষার্থীরা লেখাপড়া করার একটি নিরাপদ পরিবেশ পাওয়ার এবং তারা অসহনশীলতা ও দুর্ব্যবহারের শিকার হওয়া থেকে সুরক্ষিত রয়েছে জেনে মানসিক প্রশান্তি লাভ করার অধিকার রাখে।"

অ্যাসেম্বলি সদস্য জেইমে উইলিয়ামস বলেন, "সব নিউ ইয়র্কবাসীরই বৈষম্য বা হয়রানির শিকার হওয়ার ভয় ছাড়া যেকোনো স্কুলের পরিবেশে অংশগ্রহণ করতে পারা উচিত, এবং শিক্ষার্থীরা স্কুলে হয়রানি বা নিগ্রহের শিকার হলে নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইন অনুযায়ী তাদের জন্য প্রতিকারের ব্যবস্থা লভ্য থাকা উচিত।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418